



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি-০১)

আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগিতায় মেয়র

## একুশ মানেই স্বাদেশিকতা ও দেশপ্রেম

চট্টগ্রাম-২২ ফেব্রুয়ারি'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এম, রেজাউল করিম চৌধুরী বলেছেন, একুশ মানে স্বাদেশিকতা, দেশপ্রেম এবং নৈতিকতাবোধ। এই সকল চিরন্তন বাণীর আলোকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৪৮ সাল থেকে জাতির অন্তরে স্বাধীনতার বীজ অর্পণ করে ছিলেন। তিনি গতকাল রোববার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পাবলিক লাইব্রেরির কনফারেন্স হলে অনুষ্ঠিত আলোচনা সভা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। তিনি আরো বলেন, জোর করে কিছু আদায় করা যায় না। মন জয় করতে পারলে সব কিছু সহজলভ্য। তিনি নগরীর ব্যবসা-বাণিজ্য, প্রতিষ্ঠানের মালিকদের উদ্দেশ্যে বলেন, মাতৃভাষার মর্যাদা রক্ষায় প্রতিষ্ঠানের নামফলকে বাংলাকে প্রধান্য দিতে হবে তা না হলে জরিমানা করা হবে। এই নির্দেশনা অমান্যকারীদের চরম শাস্তির মুখোমুখি হতে হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মুহাম্মদ মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম প্রেসক্লাবের সাধারণ সম্পাদক চৌধুরী ফরিদ। আরো বক্তব্য রাখেন কাউন্সিলর শহিদুল আলম, জহর লাল হাজারী, হাসান মুরাদ বিপ্লব, আশরাফুল আলম, পুলক খাস্তগীর, আবুল হাসনাত বেলাল, ওয়াসিম উদ্দিন আহমেদ, আবদুল মান্নান, মোরশেদ আলী, রুমকী সেনগুপ্ত, জাফরুল হায়দার সবুজ, আফরোজা কালাম, এসারুল হক, চসিকের প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া, মেয়রের একান্ত সচিব আবুল হাসেম, যুগ্ম জেলা জজ জাহানারা ফেরদৌস, নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, আইন কর্মকর্তা জসিম উদ্দিন, শিক্ষা কর্মকর্তা সালমা ফেরদৌস, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক। আলোচনা সভা শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি মেয়র এম. রেজাউল করিম চৌধুরী। বিজয়ীরা হলো 'ক' বিভাগে ১ম বাওয়া স্কুলের প্রযুক্তা চক্রবর্তী, ২য় চিল্ডেন গার্ডেন হাই স্কুলের অপূর্ব দেব, ওয় সেন্ট মেরিস স্কুলের আইনান তাজরিয়ান আজমাইন, উৎসাহ পুরস্কার বায়েজিদ মডেল স্কুলের তৃতীয় শ্রেণির দোহা কবির, সেন্ট মেরিস স্কুলের তৃতীয় শ্রেণির কাজী সুলতান আরিশ, সেন্ট প্লাসিড স্কুল এন্ড কলেজ তৃতীয় শ্রেণির সান্নিধ্য দে, বাওয়া উচ্চ বিদ্যালয়ের ২য় শ্রেণির আমরিণ। 'খ' বিভাগে কৃষ্ণ কুমারী বালিকা উচ্চ বিদ্যালয়ের ১ম পূর্ণ চক্রবর্তী, ২য় বায়েজিদ মডেল স্কুলের আরোয়া কবীর চৌধুরী, ইস্টাহানী পাবলিক স্কুল এন্ড কলেজের প্রিমেল চক্রবর্তী। 'গ' বিভাগে জামালখান কুসুমকুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের অনন্যা দাশ তুসি, চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অনন্যা চৌধুরী, চট্টগ্রাম কলেজিয়েট স্কুলের রুদ্দ মন্ডল।

এদিকে আরেক অনুষ্ঠানে মেয়র রেজাউল সংগঠন সেতু ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের পক্ষ থেকে পরিত্যক্ত 'প্লাস্টিকের বোতল দিন খাবার নিন' কর্মসূচির উদ্বোধন করেন। অনুষ্ঠানে ১৫০০ অসহায় পথশিশু ও দরিদ্রদের খাবার বিতরণ করেন। এসময় উপস্থিত ছিলেন চট্টগ্রাম প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক চৌধুরী ফরিদ, হাসান মুরাদ বিপ্লব, আবুল হাসনাত বেলাল, ওয়াসিম উদ্দিন আহমেদ, এ জে এম মাহমুদুল ইসলাম, পরভীন আন্বা, কমরুদ্দিন রেজা, নাদিয়া সুলতানা, সাইফ সাজ্জাদ, মো. তানভীর সাজ্জাদ, সান্তার মামুন প্রমুখ উপস্থিত ছিলেন।

## চসিকের স্বাস্থ্যসেবা ঢেলে

### সাজানো হবে : মেয়র

চট্টগ্রাম-২২ ফেব্রুয়ারি'২০২১খিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ রেজাউল করিম চৌধুরী বলেছেন, কর্পোরেশনের স্বাস্থ্যসেবার অতীতের সুনাম আবার ফিরিয়ে আনা হবে। নগরীর অধিবাসীদের সুলভে চিকিৎসাসেবা নিশ্চিত করে দেওয়া হবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মেমর মাতৃসদন হাসপাতাল, জেনারেল হাসপাতাল, অন্যান্য হাসপাতাল ও স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলো। তিনি আজ সোমবার সকালে নগরের টাইগারপাস অফিসের কনফারেন্স হলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। সভায় সভাপতিত্ব করেন কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মুহাম্মদ মোজাম্মেল হক। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, ডা. মোহাম্মদ আলী, ডা. নাসিম ভূঁইয়া, ডা. শাহীন পারভীন, ডা. দীপা ত্রিপুরা, ডা. হাসান মুরাদ চৌধুরী, ডা. মুজিবুল আলম, ডা. সুমন তালুকদার, ডা. সৈয়দ দিদারুল মুনির রুবেল, ডা. তৌহিদুল আনোয়ার, ডা. উম্মে কুলসুম সুমি প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র রেজাউল করিম চৌধুরী আরো বলেন, কর্পোরেশনের স্বাস্থ্যসেবার যে জৌলুস ছিলো তা ফিরিয়ে আনতে হবে। প্রয়াত মেয়র মহিউদ্দিন চৌধুরীর সময়কালে কর্পোরেশন সব ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখতো। আমি চাই স্বাস্থ্যসেবার ক্ষেত্রে ও সেরকম ভূমিকা রাখুক। তিনি বলেন, সবসময় নানা সীমাবদ্ধতা, সমস্যা থাকবে তা সত্ত্বেও নাগরিক সুবিধা ও সেবাকে অগ্রাধিকার দিয়ে স্বাস্থ্যসেবাকে পরিকল্পিতভাবে সকল ধরনের সরঞ্জাম, যন্ত্রপাতি ক্রয় ও বিশেষজ্ঞ চিকিৎসকদের সমন্বয়ে আধুনিকায়ন করা হবে। যাতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনও নগরীর চিকিৎসাসেবায় মডেল হয়ে থাকে বাংলাদেশের মধ্যে। স্বাস্থ্যসেবার সকল চাহিদা ও প্রয়োজনীয়তা কর্পোরেশনের প্রধান নির্বাহী ও প্রধান স্বাস্থ্য কর্মকর্তা বসে ঠিক করবেন। প্রয়োজনীয় যা সহযোগিতা করা লাগে মেয়র হিসেবে আমি অবশ্যই করবো। তবে কর্পোরেশনের কর্মরত চিকিৎসকদের দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। এক্ষেত্রে কোন অবহেলা গাফেলতি হলে কেউ ছাড় পাবেন না।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩